5000 Rs.

**INDIA NON JUDICIAL**

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

থানা- সোনারপুর , মৌজা - কুসুম্বা ,

১, ৬২, ০০০ টাকার বিক্রয় কোবালা ,

জমি - ৮ কাঠা ১৪ ছটাক ৩৭ বর্গফুট ।।-

** ** ** ** ** ** ** **

U/R 3(8) of the WB(Prevention of under valuation of instruments) Rules 1994 market value assessed at Rs. 1,62,000/- and deficit stamp duty of Rs. 1850/- is payable.

A.D.S.R. Sonarpur & Collector u/s 41, 42 of the I.S. Act 1899
19-8-96

Admissible under Rule 21, and Stamped u/s 14 of L. R. Act under the Indian Stamp Act 1899 Corrected upto 1974 Schedule A No. 23 . Fees paid A-217 ... Deficient fees Rs. 455

A.D.S.R. Sonarpur & Collector u/s 41, 42 of the I.S. Act 1899
19-8-96

কোবালা গ্রহীতা :-

********* *****

১। শ্রী তাপস মুখার্জী , পিতা - শ্রী শংকর লাল মুখার্জী ,

২। শ্রীমতী শাশ্বতী মুখার্জী , স্বামী - শ্রী তাপস মুখার্জী ,

জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাং:- ৪ বি , এস. আর. দাস রোড , থানা - টালিগঞ্জ , কলিকাতা - ২৬ ।।-

Certified u/s 42 of the I.S. Act. 1899 that deficit Stamp duty of Rs. 1850/- is paid on 19-8-96 by Bank draft drawn on Raipur ... MTTB/C "243136" dt. 19-8-96

A.D.S.R. Sonarpur & Collector u/s 41, 42 of the I.S. Act 1899
19-8-96

500Rs.




( ২ )

Tapajit Bhattacharjee

কোবালা দাতা :-
-------------

শ্রী তপোজিৎ ভট্টাচার্য্য , পিতা - শ্রী কালী নারায়ন ভট্টাচার্য্য জাতি - হিন্দু , পেশা - ব্যবসা , সাং- ১৫ নং নিউ সাউথ পার্ক , থানা - যাদবপুর , কলিকাতা - ৭০০০৯২ ।।-

* * * * * * * * * * * *

কস্য আমার সাফ্ কোবালা দলিল মূলে খরিদা খাসে ভোগ দখলি হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব: বিশিষ্ট স্বত্বের খেরাজী শালি জমি জমা যায় দরবস্তু হক্ হকুক ও চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্ব: সমেত বিনা কোনও নিয়মে চিরতরে নি:স্বত্ব বিক্রয় সাফ্ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

500Rs.

INDIA NON JUDICIAL

५०० रु. Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

( ৩ )

Tapajit Bhattacharjee

জেলা দক্ষিন ২৪ পরগনার অন্তর্গত থানা ও এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা - মেদনমল্ল, মৌজা - কুশুম্বা গ্রামের মধ্যে ১২৮৮ বার শত অষ্টাশী নং খতিয়ান ভুক্ত ২১৭০ একুশ শত সত্তর নং দাগের শালি জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত জমির মধ্যে ২ ৭ বর্গফুট জমি ও উক্ত মৌজার খতিয়ান ৩৬৫ তিন শত পঁইষট্টি নং ভুক্ত ২১৭১ একুশ শত একাত্তর নং দাগে শালি জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত জমির মধ্যে ৬ কাঠা ৩০ বর্গফুট জমি, মোট অত্র দলিল সহ ও দলিলের একাংশ

100Rs.






Tapajit Bhattacharjee

ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত মোট ৮ কাঠা ১৪ ছটাক ৩৭ বর্গফুট জমি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।।-

উক্ত ১২৮৮ নং খতিয়ান ভুক্ত ২১৭০ নং দাগের জমি আরও অন্যান্য জমাদি সহ সোনারপুর থানার এলাকাধীন ডেঘরী নিবাসী জয়নাল আবেদিন মহাশয়ের স্বত্ব দখলি সম্পত্তি থাকে তিনি তাঁহার পিতা মহম্মদ সফির ওয়ারিশান অর্থাৎ পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ও সরিক গনের সহিত বিগত ইংরাজী ১২।১১।১৯৮২ তারিখে আলিপুর সদর অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং- ১ , ভলুম নং- ৩৮৪ , পাতা ৪৫ - ৮২ নং এবং ১৪৯৫ নং আপোষ বিভাগ বন্টন নামা

100 Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

( ৫ )

Tapajit Bhattacharjee.

মূলে উক্ত দলিলের (গ) তপশীল ভুক্ত সম্পত্তির মধ্যে ২১৭০ নং দাগের শালি ১.০৫ শতক জমির মধ্যে ৩৪ শতক জমি উক্ত জয়নাল আবেদিন মহাশয় প্রাপ্ত হইয়া খাজনাদি আদায়ে খাসে ভোগ দখলিকার থাকাকালে কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাঁহার ওয়ারিশ এক পুত্র মহম্মদ নুরউদ্দিন এক মাত্র কন্যা জুলেখা খাতুন ও তাঁহার এক মাত্র পত্নী আবেদা বিবি পৈতৃক ও স্বামীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখলিকার থাকাকালে তাঁহারা একযোগে বিগত ইংরাজী ৬।১১।১৯৯০ তারিখে সোনারপুর

50 Rs.




Tapojit Bhattacharjee



এ্যাডিশন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ৬৮৮৯ নং সাফ্ কোবালা মূলে কোবালা দাতা আমাকে ৩৪ শতক জমি বিক্রয় করিয়া স্বত্ব: ও দখলচ্যুত হয়েন এবং ২১৭১ নং দাগের শালি জমি কুশুম্বা নিবাসী আমিনদ্দিন হালদারের স্বত্ব দখলি সম্পত্তি থাকে, তিনি খাজনা আদায়ে খাসে ভোগবান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী ১৭।৩।১৯৩৯ তারিখে বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত বুক নং- ১, ভলুম ১২, পাতা ২৮৭-২৯১ নং এবং ৭৪৯ নং সাফ্ কোবালা মূলে কুশুম্বা

14-0-10

নিবাসী এছমাইল হালদার দিগর নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগবান ও দখলিকার থাকাকালে কোন প্রকার দান পত্র বা উইলাদি না করিয়া পরলোক গমন করিলে তাহার কন্যা কুশুম্বা নিবাসী আনিমা বিবি পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ভোগবতী ও দখল কারিনী থাকাকালে বিগত ইংরাজী ২৮।৪।১৯৯৫ তারিখে সোনারপুর এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ২৭৯০ নং সাফ্ কোবালা দলিল মূলে কোবালা দাতা আমাকে বিক্রয় করিয়া স্বত্ব: ও দখলচ্যুত হয়েন। তৎপরে আমি খাসে ভোগবান ও দখলিকার আছি এবং অত্র জমিতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব: বা টাইটেল আদি বিদ্যমান আছে।।-

এক্ষনে আমার নগদ টাকার বিশেষ প্রয়োজন বশত: অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় চিহ্নিত ৮ কাঠা ১৪ ছটাক ৩৭ বর্গফুট জমি চিরতরে বিক্রয় করিবার জন্য ঘোষনা করিলে আপনারা উচিৎ মূল্য দিয়া খরিদ করিতে সম্মত হইলে আমি অত্র জমি জমার বর্তমান বাজার পরাপর উচিৎ মূল্য- ১,৬২,০০০্ এক লক্ষ বাষট্টি হাজার টাকা পন লইয়া আপনাদের চিরতরে বিক্রয় করিয়া অত্র নি:স্বত্ব বিক্রয় সাফ্ কোবালা লিখিয়া দিয়া স্বীকার অঙ্গিকার ও প্রচার করিতেছি যে :-

আপনারা অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রীত জমি জমাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলিকার হইয়া বর্তমান মালিক সরকারে আপনাদের নিজ নাম পত্তন করিয়া ধার্য্য খাজনাদি আদায় দিয়া পুত্র, পৌত্রাদি ভাবি ওয়ারিশান গনক্রমে যায় স্থলাভিষিক্ত গনক্রমে দান, বিক্রয় আদি হস্তান্তর করন ক্ষমতায় যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।।-

Tapajit Bhattacharjee.

তাহাতে আমার বা আমার ভাবি ওয়ারিশান গনের অত্র বিক্রীত জমি জমার প্রতি কোন প্রকার দাবি দাওয়া রহিলনা বা চলিবেনা । যদি ভবিষ্যতে কেহ কোন প্রকার দাবি দাওয়া করি বা কেহ করে তাহা সর্ব্ব আদালতে অগ্রাহ্য হইবেক ।।-

আরও প্রকাশ থাকে যে অত্র বিক্রীত জমি জমা বা ইহার কোন ও অংশ আমি ইতি পূর্বে কোনও স্থানে কোন রকমের হস্তান্তর বা দায় সংযোগ করি নাই বা কোনও সরিক বা ওয়ারিশ নাই বা কোনও আদালত কর্তৃক ক্রোক বা নিলাম হয় নাই বা অপর কোন স্থানে বিক্রয়ের জন্য কাহারও নিকট হইতে বায়নাদি গ্রহন করিয়া বায়না পত্র লিখিয়া দিই নাই বা কোনও গভর্নমেন্ট বা কোনও কোম্পানী কর্তৃক অধিকৃত বা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কোন মামলা মোকদ্দমায় জড়িত নাই ও প্রজা পত্তন করি নাই বা দেবত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা সাধারনের ব্যবহার্য্য সম্পত্তি নহে । অত্র জমি জমা সম্পূর্ন নিদ্দায় নিদ্দোষ নির্গোল ও খাস দখল অবস্থায় আপনাদের চিরতরে নি:স্বত্ব বিক্রয় করিলাম এবং আপনারা কোন ও অফিস বা আদালত সার্চ্চ না করিয়া আমার কথার বিশ্বাসে অত্র সম্পত্তি খরিদ করিলেন ।।-

ভবিষ্যতে কোন প্রকার তথ্য কতা প্রকাশ পাইয়া বা অপর কোন সরিক উদ্ভব হইয়া তাহাতে আপনাদের বা আপনাদের ভাবি ওয়ারিশান গনের অত্র খরিদা স্বত্ব: বা দখলের কোনও বিঘ্ন বা ক্ষতি হয় তাহা হইলে ঐ সকল যাবতীয়

Tapojit Bhattacharjee

বিঘ্ন জনীত ক্ষতি পূরন করিতে আমি খাস দখলি সম মূল্যের অন্য সম্পত্তির দ্বারা বা পনের টাকা উপযুক্ত সুদ ও ড্যামেজ সমেত এক কালিন ফেরত দিয়া ক্ষতি পূরন করিতে ওয়ারিশান গনক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।।-

ভবিষ্যতে যদি অত্র দলিলের কোন অংশে ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় বা অত্র খরিদা স্বত্ব: দৃঢ়তর করিবার জন্য যদি অত্র দলিলের পোষকতায় অপর কোন প্রকার দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি বিনা পনে আপনাদের খরচায় পুনরায় সংশোধন দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে ওয়ারিশান গনক্রমে বাধ্য রহিলাম ও থাকিবেক ।।-

এই সকল সর্তে আমি ওয়ারিশান গনক্রমে বাধ্য হইয়া পনের লিখিত সমস্ত টাকা নিম্ন জায়মত এক কালিন বুঝিয়া পাইয়া সুস্থ শরীরে সরল অন্ত:করনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র নি:স্বত্ব বিক্রয় সাফ্ কোবালা লিখিয়া দিলাম ।-

ইতি তা:- বাংলা ১৪০৩ সনের - ২ কার্ত্তিক

ইংরাজী ১৯৯৬ সালের - ১৯শে অক্টোবর

-: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-

১। জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা - মেদনমল্ল, মৌজা - কুশমুম্বা গ্রামের মধ্যে রায়ত দখলি স্বত্ব: বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনার কালেক্টার অধিনে এক জমা ভুক্ত মোট ১.০২ শতকের বার্ষিক খাজনা ১৫০১ পয়সা জমার

Tapajit Bhattacharjee

মধ্যে ২ কাঠা ১৪ ছটাক ৭ বর্গফুট জমির হারাহারি বার্ষিক খাজনা ৫৮ পয়সা জমা মূল্য ৫৪,০০০ চুয়ান্ন হাজার টাকা , জে:এল:নং- ৫০ , রে: সা:নং- ১০৮ , তৌজি নং- ২৪৯ , খতিয়ান ১২৮৮ বার শত অষ্টাশী নং ২১৭০ একুশ শত সত্তর নং দাগে শালি ১.০৫ শতক জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত জমির মধ্যে ২ কাঠা ১৪ ছটাক ৭ বর্গফুট জমি মাত্র । সরিক নাই । অত্র জমিতে চাষ হয় ।-

২। জেলা দক্ষিন ২৪ পরগনা , থানা ও মৌজা ঐ উক্ত মালিক অধিনে এক জমা ভুক্ত মোট ৯৭ শতকের বার্ষিক খাজনা ২৷৮ পাই জমার মধ্যে ৬ কাঠা ৩০ বর্গফুট হারাহারি বার্ষিক খাজনা ২৫ পয়সা জমা মূল্য -১,০৮,০০০ এক লক্ষ আট হাজার টাকা তৌজি ঐ খতিয়ান ৩৬৫ তিন শত পঁইষট্টি নং ।-

২১৭১ একুশ শত একাত্তর নং দাগে শালি ৬০ শতক জমির মধ্যে অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত জমির মধ্যে ৬ কাঠা ৩০ বর্গফুট জমি মাত্র । সরিক নাই । অত্র জমিতে চাষ হয় ।-

অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় লাল রং পরিবেষ্টিত মোট ৮ কাঠা ১৪ ছটাক ৩৭ বর্গফুট জমি বিক্রয় হইল ।-

অত্র দলিল সহ ও দলিলের একাংশ ভুক্ত নকসায় চিহ্নিত ২০' প্রশস্ত কমন প্যাসেজ অবাধে চলাচল করিবার ও ইলেকট্রিক ও টেলিফোন লাইন লইবার ও

Tapajit Bhattacharjee

কভার ড্রেন করিয়া জল নিকাশের অবাধ অধিকার সহ. অত্র জমি বিক্রয় হইল ।।-

পনের টাকার আয় :-

পাঞ্জাব ন্যাশন্যাল ব্যাংক (কালীঘাট শাখা) কলিকাতা- ২৬ । চেক নং- ৬০৭৬১৮ টাকা ১২৫০০০, এক লক্ষ পঁচিশ হাজার টাকা তারিখে ১১।৮।৯৬, চেক নং- ৬০৭৬১৭ টাকা ১৫০০০ পনের হাজার টাকা তাং- ২১।৮।৯৬, নগদ ১০০ টাকার নোট ২২০ কেতায় ২২,০০০ বাইশ হাজার টাকা । মোট ১,৬২,০০০ এক লক্ষ বাষট্টি হাজার টাকা মাত্র ।-

Tapajit Bhattacharjee

মুসাবিদা কারক :-
শ্রীহীরালাল চট্টোপাধ্যায়
শ্রী হীরালাল চট্টোপাধ্যায়,
লাইসেন্স নং- ৩/৭
সোনারপুর এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস ।-

টাইপ কারক :-
Dilip Barur
দিলীপ বাছাড়,
সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস ।-

ইসাদি :-

১। [illegible] মিত্র
[illegible], [illegible]
[illegible] - ৯২.

২। কালীনারায়ণ ভট্টাচার্য্য
১৫৫ নিউ সাউথ পার্ক
[illegible] - ৭৮


OUZA-KUSUMBA. J.L.NO-50. R.S.D...

(PART). P.S.-SONARPUR. DIST-24 PGS(S)

SCALE-1" = 25'-0"

S ——— N

| NO. | AREA |
|---|---|
| 0 (P) | 2K-14CH-7SFT |
| 1 (P) | 6K-0CH-30SFT |
| TAL- | 8K-14CH-37SFT |




TRACED BY:-

(Surveyor)